ব্যারিষ্টার সুমনের উদ্যোগে প্রবাসীদের অর্থায়নে দাউদপুরে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ

চেম্বার ডেস্ক:: ব্যারিষ্টার সৈয়দ সায়েদুল হক সুমনের উদ্যোগে এরশাদ-আম্বিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় দেশ ও প্রবাসীদের অর্থায়নে সিলেট ও সুনামগঞ্জ সহ বিভিন্ন উপজেলা, ইউনিয়নের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত দরিদ্র পরিবারের মধ্যে ত্রাণ বিতরণ অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় ৪ জুলাই সোমবার দুপুরের দক্ষিণ সুরমা উপজেলার দাউদপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামের বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করা হয়।
তুরুকখলা হাড়িয়ারচর গ্রামে আয়োজিত ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন দাউদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আতিকুল হক। বিশিষ্ট মুরব্বি তুরুকখলা হাড়িয়ারচর জামে মসজিদের মোতাওয়াল্লী আলহাজ্ব আব্দুল মছব্বিরের সভাপতিত্বে ও দক্ষিণ সুরমা প্রেসক্লাবের সহ সাধারণ সম্পাদক আব্দুল খালিক এর পরিচালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্যে রাখেন সিলেট জেলা যুবলীগ নেতা, ওয়াহিদা-নুরুল ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম খান, সমাজসেবী খায়রুল ইসলাম সেলিম।
স্বাগত বক্তব্য রাখেন তুরুকখলা হাড়িয়ারচর গ্রাম উন্নয়ন কমিটির সহ সাধারণ সম্পাদক রুম্মান আহমদ।
বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার জামাল আহমদ, সমাজকর্মী আমির আলী, মোঃ আব্দুল আজাদ প্রমুখ। এছাড়াও এলাকার মুরব্বিয়ান, সমাজসেবী ও যুবসমাজের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে দাউদপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামের বন্যার্ত ৭৫ পরিবারের মধ্যে ত্রাণ বিতরণ করেন প্রধান অতিথি চেয়ারম্যান আতিকুল হক সহ অতিথিবৃন্দ।
অনুষ্ঠানে বক্তারা বলেন, সম্মরণকালের ভয়াভহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে সহায়তা নিয়ে দাঁড়ানো সবার নৈতিক দায়িত্ব ও কর্তব্য।
মানবতার কল্যাণে বানভাসি মানুষের কষ্ট ও দুর্ভোগ লাঘবে মানবতার ফেরিওয়ালা হিসেবে ব্যারিষ্টার সৈয়দ সায়েদুল হক সুমন নিঃসার্থে কাজ করছে তা মহতি ও প্রসংশনীয়ন উদ্যোগ। বক্তারা, ব্যারিষ্টার সুমনের মত ক্ষতিগ্রস্ত বঞ্চিত জনগোষ্ঠির সাহায্যে সবাইকে নিজ

নিজ অবস্থান থেকে এগিয়ে আসার আহবান জানান।